



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/5/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো নতুন স্বাভাবিক অবস্থায় শিক্ষা ব্যবস্থাকে পুনরায় সাজানোর জন্য একটি নীলনকশা তৈরি করতে গেটস ফাউন্ডেশনের সাথে সহযোগিতার ঘোষণা দিয়েছেন

*ভবিষ্যতে শিক্ষা পদ্ধতি কেমন হওয়া উচিত সে সম্পর্কে যথাযথ প্রশ্নের উত্তরের জন্য NYS ও গেটস ফাউন্ডেশন বিশেষজ্ঞদের আহ্বান জানাবে*

*মানুষকে জনসমাগমপূর্ণ স্থানগুলোতে কেন মাস্ক পরা উচিত তা ব্যাখ্যা করে একটি ভিডিও তৈরি ও শেয়ার করে নিতে নিউ ইয়র্কবাসীদের আহ্বান জানিয়ে নতুন প্রতিযোগিতার ঘোষণা করেন; এ বিষয়ে আগ্রহী নিউ ইয়র্কবাসীগণ আবারো বেশি জানতে পারবেন এখানে [WearAMask.NY.Gov](http://WearAMask.NY.Gov)*

*নিউ ইয়র্ক স্টেটে আবারো 2,239 জন করোনভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 41 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 3,21,192-তে নিয়ে আসে*

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে নিউ ইয়র্ক স্টেট বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন (Bill & Melinda Gates Foundation) -কে নতুন স্বাভাবিক অবস্থায় শিক্ষা ব্যবস্থাকে পুনরায় সাজানোর জন্য একটি নীলনকশা তৈরি করতে সহযোগিতা করছে। যেহেতু নিউ ইয়র্ক K-12 স্কুল ও কলেজ পুনরায় চালু করার পরিকল্পনা বাস্তবায়ন করতে শুরু করেছে তাই স্টেট ও গেটস ফাউন্ডেশন ভবিষ্যতে কোন শিক্ষা পদ্ধতি দেখতে কেমন হবে তা বিবেচনা করবে, যার মধ্যে রয়েছে:

- শিক্ষার্থীরা যেখানেই থাকুক না কেন তার উপর ভিত্তি করে আমরা তাদের আরও বেশি সুযোগ প্রদানের জন্য প্রযুক্তি কীভাবে ব্যবহার করতে পারি;
- প্রযুক্তি ব্যবহার করে কীভাবে আমরা স্কুল ও কলেজের মধ্যে অংশীদারি শিক্ষা প্রদান করতে পারি;
- ইংরেজি ভাষার নতুন শিক্ষার্থী হিসেবে প্রযুক্তি কীভাবে শিক্ষাগত বৈষম্য হ্রাস করতে পারে;
- আমরা কীভাবে প্রতিবন্ধীদের শিক্ষাগত চাহিদা পূরণে প্রযুক্তি ব্যবহার করতে পারি;
- প্রযুক্তি ব্যবহার করতে আমরা কীভাবে শিক্ষকদের আরও বেশি সরঞ্জাম সরবরাহ করতে পারি;
- শিক্ষার্থীরা যেখানেই থাকুক না কেন উচ্চ-মানসম্পন্ন শিক্ষায় সর্বোচ্চ অ্যাক্সেস সরবরাহ করতে প্রযুক্তি কীভাবে K-12, কলেজ এবং ইউনিভার্সিটিগুলোতে প্রতিবন্ধকতা দূর করবে এবং

- নির্দেশিত চলমান সামাজিক দূরত্বের বিধিমালা অনুসারে, বিভিন্ন স্থানে বৃহত্তর ক্লাস অথবা লেকচার হলের পরিবেশ পুনরায় তৈরি করতে আমরা কীভাবে ইমারসিভ ক্লাউড ভার্চুয়াল ক্লাসরুম লার্নিং এর মতো ক্লাসরুম প্রযুক্তি স্থাপন করতে পারি?

গেটস ফাউন্ডেশনের সহযোগিতায় এই প্রকল্পগুলির উত্তর দিতে স্টেট একদল বিশেষজ্ঞকে একত্রিত করবে যারা জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞদের একত্র করার পাশাপাশি প্রয়োজন মতো বিশেষজ্ঞের পরামর্শ প্রদান করে নিউ ইয়র্ক স্টেটকে সহায়তা করবে।

এছাড়াও গভর্নর কুওমো মানুষকে জনসমাগমপূর্ণ স্থানগুলোতে কেন মাস্ক পরা উচিত তা ব্যাখ্যা করে একটি ভিডিও তৈরি ও শেয়ার করে নিতে নিউ ইয়র্কবাসীদের আহ্বান জানিয়ে নতুন প্রতিযোগিতার ঘোষণা করেছেন। বিজয়ী ভিডিওটি পাবলিক সার্ভিসের ঘোষণা হিসেবে ব্যবহার করা হবে। ভিডিওগুলি 30 সেকেন্ডের চেয়ে কম সময়ের ভিতরে হতে হবে, মুখ ও নাকের উপরে সঠিকভাবে পরা একটি মাস্ক দেখাতে হবে এবং 30 মে তারিখের মধ্যে জমা দিতে হবে। আগ্রহী নিউ ইয়র্কবাসীগণ আরো জানতে পারবেন এখানে [WearAMask.ny.gov](http://WearAMask.ny.gov)।

"গত কয়েক মাস ধরে অবিশ্বাস্য পরিবর্তনের একটি চাপযুক্ত সময় ছিল তবে আমাদের এই পরিস্থিতি থেকে শিখতে ও উন্নতি লাভ করতে হবে এবং আমাদের সিস্টেমগুলি আগের তুলনায় আরও উন্নত করতে হবে তা নিশ্চিত করতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা যে ক্ষেত্রগুলি থেকে প্রকৃতপক্ষে শিখতে পারি তার মধ্যে একটি হলো শিক্ষা কারণ আমাদের শিক্ষা ব্যবস্থার পুরানো মডেল যেখানে প্রত্যেকে শ্রেণিকক্ষে বসে সেটি নতুন স্বাভাবিক অবস্থায় আর কাজ করছে না। আমরা যখন আমাদের স্কুলগুলো পুনরায় চালু করি তখন ভবিষ্যতের জন্য সেগুলি পুনরায় কল্পনা করা যাক এবং আমরা বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের সাথে সহযোগিতা করছি এবং আমরা আমাদের কাছে থাকা সমস্ত নতুন প্রযুক্তি ব্যবহার করে আধুনিক, উদ্ভাবনী শিক্ষার বিকল্পগুলি সন্ধান করছি"।

পরিশেষে, গভর্নর আরও 2,239 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 3,21,192-তে নিয়ে এসেছে। মোট 3,21,192 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
---------	-------------	--------------

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)

